

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.৯৯.০০৪.১৫- ৩৮৩

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৩
১৩ এপ্রিল ২০১৭


বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রাধাবল্লভ, রংপুর এর মালিকানাধীন সরকারি জায়গায় রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপনা নির্মাণ প্রসংগে।

সূত্র-১ : এ বিভাগের স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.৯৯.০০৪.১৫-১৭১ তারিখ- ১৫ ফেব্রুয়ারি, ২০১৭
সূত্র-২ : রংপুর সিটি কর্পোরেশনের স্মারক নং- রং-সিটি-কর্পোঃ/২০১৭/২৬২(৯) তারিখ- ২৩ ফেব্রুয়ারি, ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রাধাবল্লভ, রংপুর এর মালিকানাধীন ৩৯টি দাগে সর্বমোট ১৬.১৪ একর জায়গা রয়েছে। ভবিষ্যতে সম্প্রসারিত কর্ম পরিধির পরিকল্পনায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর এর জন্য এ জমি অধিগ্রহণ করা হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রতি বছর এ জমির যাবতীয় কর পরিশোধ করা হচ্ছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রাধাবল্লভ, রংপুর এর মালিকানাধীন সরকারি জায়গায় রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপনা নির্মাণ না করার জন্য ইতোমধ্যে অনুরোধ করা হয় (সূত্র-১)। এ বিষয়ে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন জানিয়েছেন যে, রংপুর সিটি কর্পোরেশনের নগর ভবন নির্মাণের কাজ চলমান থাকায় যানবাহন রাখার জন্য জন্য কিছু খালি জায়গায় গ্যারেজ নির্মাণের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানিয়েছেন যে, গ্যারেজ নির্মাণের জন্য গাছ কেটে আরসিসি কলাম নির্মাণের কাজ রংপুর সিটি কর্পোরেশন চলমান রেখেছে।

এমতাবস্থায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রাধাবল্লভ, রংপুর এর মালিকানাধীন সরকারি জায়গায় কোন প্রকার স্থাপনা নির্মাণ না করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তিঃ ডিপিএইচই'র পত্র।


মোঃ খাইরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

- ১। মেয়র
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর
- ২। জেলা প্রশাসক
রংপুর

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।